



বাংলা ব্যাকরণ বই

ভাষা কমল

(তৃতীয় ভাগ)

BHASHA KAMAL

PART-3



জেমিনি পাবলিকেশন হাউস



অধ্যায়

শব্দ, পদ, বাক্য

ইট পরপর সাজিয়ে বাড়ির দেওয়াল তৈরি করা হয়। বর্ণকে পরপর সাজিয়ে শব্দ করতে হয়। তবে পরপর সাজালেই হবে না, কিছু নিয়ম মেনে বর্ণকে সাজাতে হয়, না হলে শব্দ তৈরি হবে না। নীচের ঝড়িতে কিছু বর্ণ আছে। এই বর্ণগুলি দুভাবে সাজিয়ে কী পাওয়া যায় দেখো।



ঝড়ি থেকে চারটি বর্ণ সাজিয়ে প্রথমবারে পাওয়া গেল—আসরনা। এবার ওই চারটি বর্ণকে একটু ঘুরিয়ে ফিরিয়ে পাওয়া গেল—আনারস।

‘আসরনা’ বলতে কোনো কিছুই বোঝায় না। এর কোনো অর্থ নেই। কিন্তু ‘আনারস’ বললে একটি ফলের নাম বোঝায়। অর্থাৎ, দ্বিতীয়বার সাজানো বর্ণগুলির দ্বারা একটি অর্থ পাওয়া যায়। এটিকে **শব্দ** বলে। প্রথমবারের সাজানো বর্ণসমষ্টির কোনো অর্থ নেই বলে এটিকে শব্দ বলা হয় না। সুতরাং, বোঝা গেল শব্দ কাকে বলে—

কতকগুলি বর্ণ পরপর সাজিয়ে যখন একটি অর্থ বা মানে পাওয়া যায়, তখন তাকে শব্দ বলে।


যেমন—বই, খাতা, আকাশ, বাতাস, বাড়ি, নদী, পাখি, কলকাতা, শিলিগুড়ি, বাংলাদেশ, নজরুল, বিবেকানন্দ ইত্যাদি।

অনেক সময় একটি বর্ণেও শব্দ হয়। যেমন—সে, ও, কী, কে, যে, তা ইত্যাদি।

□ পদ □

বন বাঘ থাক্—তিনটি শব্দ পরপর সাজালে কোনো মানে পাওয়া যাচ্ছে না। কেন পাওয়া যাচ্ছে না? শব্দকে সরাসরি কথায় ব্যবহার করা যায় না। তার সঙ্গে কিছু একটা যোগ করতে হয়। যা যোগ করতে হয়, তাকে **বিভক্তি** বলে। ওপরের শব্দগুলির সঙ্গে বিভক্তি যোগ করে কী পাওয়া যায় দেখো—

বন + এ = বনে। বাঘ + অ = বাঘ। থাক্ + এ = থাকে। বনে বাঘ থাকে— এই কথা বললে একটি অর্থ বা মানে পাওয়া যায়। 'এ', 'অ', 'এ'— এগুলি হল বিভক্তি। শব্দের সঙ্গে বিভক্তি যোগ করলে শব্দ পদে পরিণত হয়। 'অ' বিভক্তি দেখা যায় না বলে, একে 'শূন্য' বিভক্তি বলে।

 মনে রাখবে

বিভক্তিযুক্ত শব্দকে পদ বলে।

অন্যভাবে বলা যায়, বাক্যে ব্যবহৃত বিভক্তিযুক্ত শব্দকে পদ বলে।

□ বাক্য □

কতকগুলি পদকে পরপর সাজালে বাক্য তৈরি হয়। কিন্তু বাক্য সাজানোর কিছু নিয়ম আছে। নিয়ম মেনে না সাজালে বাক্য তৈরি হবে না। নীচের বুড়িতে কিছু পদ আছে। এগুলো দুভাবে সাজিয়ে কী পাওয়া যায় দেখো—



(১) ফুটেছে ফুল কত বাগানে

(২) বাগানে কত ফুল ফুটেছে

প্রথমে যেভাবে পদগুলি সাজানো হয়েছে, তাতে কথাটির অর্থ স্পষ্ট হয়নি, কিন্তু দ্বিতীয় বাক্যটিতে কথাটির অর্থ স্পষ্ট হয়।

প্রথমটি বাক্য নয়। কারণ এর দ্বারা কোনো অর্থ বা মনের ভাব প্রকাশ পায় না। দ্বিতীয়টি বাক্য, কারণ এর দ্বারা একটি অর্থ বা মনের ভাব প্রকাশ পায়।

কতকগুলি পদ পরপর সাজিয়ে যখন মনের ভাব বা একটি অর্থ প্রকাশ পায়, তখন তাকে বাক্য বলে।

যেমন— গোরু উপকারী প্রাণী।

সূর্য আমাদের আলো ও উত্তাপ দেয়।

সন্ধ্যা হলে পাখিরা বাসায় ফেরে।

বর্ষাকালে আকাশ মেঘে ঢাকা থাকে।

বাক্যের দুটি অংশ— (১) উদ্দেশ্য এবং (২) বিধেয়।

(১) উদ্দেশ্য : বাক্যে যার সম্পর্কে কিছু বলা হয়, তাকে উদ্দেশ্য বলে। বাক্যের কর্তাই হল উদ্দেশ্য।

(২) বিধেয় : বাক্যে উদ্দেশ্য সম্পর্কে যা কিছু বলা হয়, তাকে বাক্যের বিধেয় বলে। বাক্যের কর্ম ও ক্রিয়াপদের অংশটিই হল বিধেয়।

যেমন—

বাক্য	উদ্দেশ্য	বিধেয়
রাম বনে ফুল পাড়ে।	রাম	বনে ফুল পাড়ে।
গুরুদাস চাষ করে।	গুরুদাস	চাষ করে।
মাছ জলে খেলা করে।	মাছ	জলে খেলা করে।
রবীন্দ্রনাথ গীতাঞ্জলি রচনা করেন।	রবীন্দ্রনাথ	গীতাঞ্জলি রচনা করেন।
মেয়েটি খুব ভালো নাচল।	মেয়েটি	খুব ভালো নাচল।

অনুশীলনী

১। সঠিক উত্তরটি বেছে নিয়ে লেখো :

১.১ অর্থযুক্ত বর্ণসমষ্টিকে বলে—

(ক) পদ (খ) বাক্য (ম) শব্দ

১.২ বিভক্তি যুক্ত শব্দকে বলে—

(ক) বাক্য (খ) শব্দ (গ) পদ

১.৩ বিভক্তি যুক্ত হয় শব্দের—

(ক) আগে (খ) মাঝে (গ) পরে

১.৪ বাক্যের কর্তাকে বলে—

(ক) বিধেয় (খ) উদ্দেশ্য (গ) পদ

১.৫ নীচের কোনটি পদ—

(ক) গাছে (খ) শহর (গ) বাঘ

২। এলোমেলো বর্ণগুলি সাজিয়ে শব্দ তৈরি করো :

লাছগাক = _____

রহাবি = _____

ভূনমিব = _____

রগীথীভা = _____

নবতাল = _____

লকাতাক = _____

লকিশয় = _____

নবুজল = _____

শখরদ = _____

মল্লকুরা = _____

৩। নীচের শব্দগুলির সঙ্গে বিভক্তি যোগ করে বাক্য তৈরি করো :

- (ক) ছেলে খেল কর্।
- (খ) বন কত মাছি ওড়্।
- (গ) আকাশ পাখি ওড়্।
- (ঘ) বন থাক্ বাঘ।
- (ঙ) বৈশাখ মাস আম পাক্।

৪। নীচের পদগুলি সাজিয়ে বাক্য তৈরি করো :

- (ক) সাদা উড়ছে অনেক আকাশে বক।
- (খ) খাব বাড়ি গিয়ে ভাত।
- (গ) না তারা যাবে খেলতে।
- (ঘ) খুব গান সুন্দর গাইল মেয়েটি।
- (ঙ) ফুল বনে ফুটেছে বনে।

৫। উদ্দেশ্য ও বিধেয় ভাগ করে লেখো :

- (ক) নেতাজি স্বাধীনতার জন্য লড়াই করেছিলেন।
- (খ) বনে কত মাছি ওড়ে।
- (গ) পাখিরা বাসায় ফিরছে।
- (ঘ) পাখি পাখা মেলে ওড়ে।
- (ঙ) আমরা চলি সম্মুখপানে।

৬। নীচের প্রশ্নগুলির উত্তর দাও :

- (ক) শব্দ কাকে বলে?
- (খ) পদ কাকে বলে?
- (গ) বাক্য কাকে বলে?
- (ঘ) উদ্দেশ্য ও বিধেয় কাকে বলে?
- (ঙ) বিভক্তির কাজ কী?